গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
রাজস্ব শাখা
www.khulna.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০৩১.৯৯.৪৯৯.২৫- ১৬৬৩/১

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

**বিষয়: খুলনা জেলায় ৩য় ধাপে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।**

সূত্র : ভূমি মন্ত্রণালয় এর ডিকেএমপি অনুবিভাগের ০৭/০৪/২০২৬ তারিখে ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩-১৭৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলায় নাগরিকদের হয়রানিমুক্ত এবং সুষ্ঠুভাবে ডিজিটালাইজড ভূমিসেবা নিশ্চিত করতে ইতোমধ্যে দুই ধাপে ২২টি ভূমিসেবা সহায়তা কেন্দ্র (LSFC) স্থাপন করা হয়েছে। জনসাধারণের দোরগোড়ায় ভূমিসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ৩য় ধাপে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য ২৭/০৭/২০২৬ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। জেলা প্রশাসন, খুলনা এর ওয়েবসাইট (www.khulna.gov.bd) এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও এর সাথে চাহিত অন্যান্য তথ্যাদির পিডিএফ কপি নিম্নোক্ত ইমেইল (khulna.rdc@gmail.com) ঠিকানায় প্রেরণ করে অথবা চাহিত সকল দলিলাদিসহ আবেদনের হার্ডকপি এ কার্যালয়ে দাখিল করে আগামী ১০/০৮/২০২৬ তারিখের মধ্যে আবেদন করা যাবে মর্মে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

০২। এমতাবস্থায়, বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তি ০১ ফর্দ

২৮/৭/২৬

মোঃ আক্তার হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
খুলনা
ফোন: ০২৪৭৭-৭২০৩২৪
ই-মেইল: adcrevenuekhulna1988@gmail.com

বিতরণ:
১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা। [সকল ইউনিয়নে LSFC স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), খুলনা।
৩. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), খুলনা।
৫. সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল/দৈনিক প্রবাহ (বিজ্ঞপ্তিটি বিজ্ঞাপন আকারে পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
(রাজস্ব শাখা)
www.khulna.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০৩১.৯৯.৪৯৯.২৫- ১৬৬০

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩
২৭ জুলাই ২০২৬

**৩য় ধাপে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

এতদ্দারা নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। জেলা প্রশাসন, খুলনা এর ওয়েবসাইট (www.khulna.gov.bd) এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও এর সাথে চাহিত অন্যান্য তথ্যাদির পিডিএফ কপি নিম্নোক্ত ইমেইল (khulna.rdc@gmail.com) ঠিকানায় প্রেরণ করে অথবা চাহিত সকল দলিলাদিসহ আবেদনের হার্ডকপি এ কার্যালয়ে দাখিল করে আগামী ১০/০৮/২০২৬ তারিখের মধ্যে আবেদন করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

**আবেদনকারীর যোগ্যতা:**

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা ভাড়া চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে;

১৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/০৭/২০২৬
হুরে জান্নাত
জেলা প্রশাসক
খুলনা

CamScanner